ইত্তেফাক

তারিখ ২১।১।৮২
পৃষ্ঠা ........ কলাম ........

2 3/4

043

## ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র প্রসঙ্গে

গত ১২ই জানুয়ারী সকাল দশ ঘটিকায় গভর্ণমেণ্ট লেবরেটরী হাইস্কুলে অনুষ্ঠিত তৃতীয় শ্রেণীর ভর্তি পরীক্ষার প্রশ্নপত্রে এক উদ্ভট ধরনের (বাংলা প্রশ্নে) প্রশ্ন সংযোজিত করা হইয়াছে। প্রশ্নটি এই যে, "ভালো রে ভালো' (সুকুমার রায় লিখিত) কবিতার শেষের দশ লাইন লিখ। এখন প্রশ্ন, নীচের শ্রেণীর বাচ্চারা কিভাবে এই প্রশ্নটির নিয়মাবলী অর্থাৎ শেষের দশ লাইনের প্রথম লাইন কোন জায়গা হইতে শুরু হইবে—ইহার সমাধান করিতে পারিবে? আর আমরা আজীবন সাধারণতঃ দেখিয়া আসিয়াছি যে, যে কবিতাই দেওয়া হউক না কেন উহার প্রথম দশ লাইন বা উল্লেখ থাকে কবিতাটির দশ লাইন বা আট লাইন মুখস্থ লিখ। তাই অনুরোধ, স্কুল কমিটি দয়া করিয়া যেন অন্তত শুধু এই প্রশ্নটি সম্পর্কে একটু সহৃদয় বিবেচনা করেন।

—জনৈক অভিভাবক, নিউ এলিফ্যাণ্ট রোড, ঢাকা।